



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা - ৯২০৩

বিজ্ঞপ্তি

স্নাতক পর্যায়ে ১ম বর্ষের (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন-২০২৩

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তিকৃত শিক্ষার্থীদের এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে আগামী ২৭/০৯/২০২৩ইং তারিখ রোজ বুধবার সকাল ৯-৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের অভ্যন্তরে মুক্তক্ষেত্র (SWC) এক পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবে। উক্ত পরিচিতি সভায় (Orientation) স্নাতক পর্যায়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম টার্মে ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের উপস্থিত (শিক্ষার্থীদের আসন গ্রহণ সকাল ৯-০০ ঘটিকা) থাকার জন্য বলা যাচ্ছে। উল্লেখ্য, আগামী ০১/১০/২০২৩ইং তারিখ রোজ রবিবার সকল বিভাগে নতুন শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে।

স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবার পর একই দিন অর্থাৎ ২৭/০৯/২০২৩ইং তারিখ রোজ বুধবার সংশ্লিষ্ট শিক্ষার্থীদের বিভাগীয় পরিচিতি সভা, কোর্স রেজিস্ট্রেশন এবং বিভিন্ন একাডেমিক বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত ভাবে অবহিত করা হবে। শিক্ষার্থীদের হল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে হলে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ওরিয়েন্টেশন-২০২৩ কে সফল করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীন, সকল ইনস্টিটিউট পরিচালক, সকল বিভাগীয় প্রধান, সকল পরিচালক, সকল হল প্রভোস্টসহ একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ ও উচ্চ পদস্থ কর্মকর্তাগণকে (দপ্তর প্রধান) যথাসময়ে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার (SWC) এ উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

A. Rahman

২৯/০৯/২০২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৯২২/ ৩০

তারিখ: ২৯/৯/২০২৩ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রো-ভাইস চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিভাগীয় পরিচিতি সভা ও একাডেমিক বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ বিভাগের সংশ্লিষ্ট সকল সম্মানিত শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। (উক্ত ওরিয়েন্টেশন সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (হলে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৮। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। চেয়ারম্যান, বেঙ্গলীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১১। সেকশন অফিসার (গ্রেড-২), প্রো ভিসি মহোদয়ের দপ্তর (প্রো ভিসি মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১২। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। সংরক্ষণ নথি।

S. Hossain
১৩/০৯/২৩

(এস এম সোহায়েব হোসেন)

সেকশন অফিসার (গ্রেড-১)